দৈনিক বাংলা সংবাদপত্রে বিজ্ঞাপন প্রকাশ করতে যোগাযোগ নং-৯০৬২৮৬৭৯২১

হাওড়া থেকে প্রকাশিত দৈনিক

# এই যুগ
# EI YUG

কবিতা / গল্প
নিজস্ব লেখা কবিতা/ গল্প প্রকাশিত করতে যোগাযোগ নং - ৯০৬২৮৬৭৯২১

ইন্টারনেট সংস্করণ- eiyug.in RNI: WBBEN/2020/81746 PAGE | পৃষ্ঠা- 4 [ PRICE | মূল্য - 2 ]

HOWRAH | হাওড়া ● DAILY | দৈনিক ● 25 AUGUST 2025 , MONDAY | ২৫ আগস্ট ২০২৫ , সোমবার ● VOLUME | বর্ষ-5 ● ISSUE | সংখ্যা-373

## ইন্দো নেপাল সীমান্তের পানিট্যাঙ্কিতে গ্রেপ্তার জাল ভারতীয় আধার কার্ড সহ এক বাংলাদেশি



নিজস্ব সংবাদদাতা, এই যুগ, খড়িবাড়ি, ২৪ আগস্ট : ইন্দো নেপাল সীমান্তের খড়িবাড়ি থানার অন্তর্গত পানিট্যাঙ্কিতে শনিবার গ্রেপ্তার হলো এক বাংলাদেশী নাগরিক। জানা গেছে এদিন বাংলাদেশী নাগরিক নেপালে প্রবেশের জন্য ইন্দো নেপাল সীমান্তের পানিট্যাঙ্কিতে ভারতীয় চেকপোস্টে আধার কার্ড দেখায়। তার আধার কার্ড দেখে চেকপোস্টে কর্তব্যরত সশস্ত্র সীমা বলের জওয়ানদের সন্দেহ হলে তারা ঐ ব্যক্তিকে আটক করে জিজ্ঞাসাবাদ শুরু করেন ও তল্লাশী চালান। তল্লাশীতে আটক ব্যক্তির হেফাজত থেকে উদ্ধার হয় বাংলাদেশী নাগরিক পরিচয়পত্র, বাংলাদেশের ড্রাইভিং লাইসেন্স ও ভারতীয় জাল আধার কার্ড। আটক ব্যক্তির বাংলাদেশী নাগরিক পরিচয়পত্রে নাম রয়েছে মহম্মদ মানিক। ভারতীয় জাল আধার কার্ডে নাম রয়েছে রাতুল খান।সে বাংলাদেশের লালমনিরহাটের বাসিন্দা। আটক ব্যক্তিকে গ্রেপ্তার করে সশস্ত্র সীমা বলের জওয়ানরা খড়িবাড়ি থানার হাতে তুলে দেন। খড়িবাড়ি থানার পুলিশ ধৃতের বিরুদ্ধে নির্দিষ্ট আইনী ধারায় মামলা রুজু করে রবিবার শিলিগুড়ি আদালতে পাঠিয়েছে।

## জরুরী ভিত্তিতে বাঁধের কাজ শুরু হল চকোয়াখেতিতে




মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৪ আগস্ট : চকোয়াখেতি গ্রাম পঞ্চায়েতের আট মাইল এলাকায় কুরমাই নদীর ভাঙ্গন রোধে জরুরী ভিত্তিতে বাঁধ নির্মাণ তৈরীর কাজ শুরু হলো এমনটাই জানা গেছে রবিবার বিকেল চারটে নাগাদ। গত এক মাস আগে আলিপুরদুয়ারের বিধায়ক সুমন কাঞ্জিলাল ওই এলাকা পরিদর্শন করার পর বিধানসভায় বিষয়টি নিয়ে মুখ্যমন্ত্রীর নজরে এনেছিলেন। অবশেষে জরুরি ভিত্তিতে বাঁধ নির্মাণের কাজ শুরু হলো রবিবার। স্বস্তির নিঃশ্বাস ফেলছেন আমজনতা থেকে শুরু করে আলিপুরদুয়ারের বিধায়ক সুমন কাঞ্জিলাল। জরুরী ভিত্তিতে বাঁধের কাজ শুরু হওয়ার দরুন উপকৃত হলেন এলাকার বাসিন্দারা।

## উদ্ধার আগ্নেয়াস্ত্র সহ গুলি, গ্রেপ্তার এক



নিজস্ব সংবাদদাতা, এই যুগ, মুর্শিদাবাদ,২৪ আগস্ট : মুর্শিদাবাদ জেলা পুলিশের নওদা থানার পুলিশ গোপন সুত্রে পাওয়া খবরের ভিত্তিতে রবিবার থানা এলাকায় অভিযান চালিয়ে এক ব্যক্তিকে আটক করে তল্লাশী চালায়। তল্লাশীতে আটক ব্যক্তির হেফাজত থেকে উদ্ধার হয় একটি আগ্নেয়াস্ত্র ও এক রাউন্ড গুলি। আটক ব্যক্তিকে গ্রেপ্তার করে তার বিরুদ্ধে নির্দিষ্ট আইনী ধারায় মামলা রুজু করা হয়। রবিবার ধৃতকে আদালতে পেশ করা হয়েছে। পুলিশ ধৃত ব্যক্তির নাম ঠিকানা গোপন রেখে ঘটনার তদন্ত শুরু করেছে।

## টেনেন্ট ইনফরমেশন পোর্টাল বিষয়ক সচেতনতা শিবির




নিজস্ব সংবাদদাতা,এই যুগ,শিলিগুড়ি,২৪ আগস্ট : শিলিগুড়ি পৌর নিগমের বিয়াল্লিশ নম্বর ওয়ার্ডের কাউন্সিলর শোভা সুব্বার উদ্যোগে ও ভক্তিনগর থানার সহায়তায় রবিবার আয়োজিত হয় টেনেন্ট ইনফরমেশন পোর্টাল বিষয়ক এক সচেতনতা শিবির। উল্লেখ্য চলতি মাসের পনেরো তারিখ শিলিগুড়ি পুলিশ কমিশনার সি সুধাকর ও শিলিগুড়ি পৌর নিগমের মেয়র গৌতম দেব টেনেন্ট ইনফরমেশন পোর্টাল এর উদ্বোধন করেন। এই পোর্টাল কিভাবে ব্যবহার করা যাবে সে বিষয়ে সাধারন মানুষকে সচেতন করার লক্ষ্যেই রবিবার এই শিবির আয়োজিত হয়। শিবিরে পুলিশ কর্মীরা জানান সাধারন মানুষ বিনা খরচে খুব সহজেই এই পোর্টালে ভাড়াটিয়াদের সমস্ত তথ্য আপলোড করতে পারবেন। এর ফলে শহরের সমস্ত ভাড়াটিয়াদের তথ্য এক ক্লিকেই পাওয়া যাবে। এই পোর্টাল শহরে অপরাধ নিয়ন্ত্রনে সহায়ক হবে বলে জানান কাউন্সিলর শোভা সুব্বা।

# মানসিক অবসাদে ভুগে আত্মহত্যা




মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৪ আগস্ট :পশ্চিম খলিসামারি এলাকার বাসিন্দা প্রদীপ দেবনাথের মৃতদেহ ময়না তদন্তের পর তার বাড়িতে নিয়ে আসা হয়েছে রবিবার বিকেল সাড়ে পাঁচটা নাগাদ। দীর্ঘদিন যাবত তিনি মানসিক অবসাদে ভুগছিলেন। মানসিক অবসাদে ভুগে তিনি আত্মহত্যার পথ বেছে নিয়েছেন। ভাটিবাড়ী ফাঁড়ির পুলিশ জানিয়েছে তার ঝুলন্ত দেহ উদ্ধার করেছে তার বাড়ি থেকে পুলিশ। ময়নাতদন্তের জন্য তার মৃতদেহ আলিপুরদুয়ার জেলা হাসপাতালের মর্গে পাঠানো হয়েছিল রবিবার বেলা দুটা নাগাদ। ময়না তদন্ত শেষে পরিবারের হাতে তুলে দেওয়া হয় তার মৃতদেহ। আত্মঘাতী প্রদীপ দেবনাথ এর বয়স ৫১ বছর।

# বন্দুক থেকে গুলি বের হয়ে আহত গাড়ি চালক



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৪ আগস্ট : বক্সা ব্যাঘ্র প্রকল্পের রায়ডাক রেঞ্জ অফিসে বনদপ্তরের কর্মীদের ব্যবহার করার বন্দুক পরিষ্কার করতে গিয়ে বন্দুক থেকে গুলি বের হয়ে আহত হয়েছেন এক গাড়ির চালক এমনটাই জানিয়েছেন ডিএফডি দেবাশীষ শর্মা রবিবার বেলা একটা নাগাদ। আহত গাড়ির চালক সুশান্ত মজুমদারের চিকিৎসা চলছে আলিপুরদুয়ার জেলা হাসপাতালে। প্রতি রবিবার সাউথ রায়ডাক রেঞ্জের বন কর্মীদের ব্যবহার করা বন্দুক গুলো পরিষ্কার করা হয়। বনদপ্তরের বিভিন্ন কর্মীরা এসে এই বন্দুকগুলো পরিষ্কার করে দিয়ে যায়। এদিনও বনকর্মীরা, বন্দুক পরিষ্কার করতে গিয়ে আচমকাই বন্দুকের ভিতরে আটকে থাকা একটি ছিটাগুলি বের হয়ে যায়। ঠিক সেই সময়ে রেঞ্জ অফিসে ঢুকছিলেন বনদপ্তরের এক আধিকারিকের গাড়িচালক সুশান্ত মজুমদার। কিছু বুঝে উঠার আগেই গুলি সুশান্তর বা হাতে কুনুইয়ের নীচে লেগে যায়। তড়িগড়ি তাকে আলিপুরদুয়ার জেলা হাসপাতালে নিয়ে যান সাউথ রায়ডাক রেঞ্জের বন কর্মীরা। এমন দুর্ঘটনার খবর পাওয়ার পরেই তৎক্ষণাৎ রেঞ্জ অফিসে ছুটে আসেন ডি এফ ডি দেবাশীষ শর্মা। সুশান্ত অনেকটাই সুস্থ আছে তার চিকিৎসা চলছে আলিপুরদুয়ার জেলা হাসপাতালে। আচমকাই এমন দুর্ঘটনার ধরুন মর্মাহত হয়ে গেছেন বনদপ্তরের অন্যান্য কর্মীরাও।

# চোলাই ব্যবসায়ীদের বিরুদ্ধে অভিযানে সাফল্য পুলিশের



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৪ আগস্ট : চোলাই ব্যবসায়ীদের বিরুদ্ধে অভিযান চালিয়ে প্রচুর পরিমাণ চোলাই এবং চোলাই তৈরির উপকরণ নষ্ট করে দিয়েছে ভাটিবাড়ী ফাঁড়ির পুলিশ এমনটাই জানিয়েছেন ভাটিবাড়ী ফাঁড়ির ওসি দীপায়ন সরকার রবিবার বিকেল পাঁচটা নাগাদ। বেশ কয়েকদিন আগে অভিযান চালিয়েছিলেন ভাটি বাড়ি ফাঁড়ির অধীন ব্রজের কুঠি এলাকায়। রবিবার দুপুর থেকে ভাটিবাড়ী ফাঁড়ির পারোকাটা গ্রাম পঞ্চায়েতের অধীন রাভা পাড়া এলাকায় পুলিশের পক্ষ থেকে অভিযান চালানো হয় । অভিযান চালিয়ে প্রায় ৪০০ লিটার চোলাই সহ প্রচুর পরিমাণে চোলাই তৈরির উপকরণ নষ্ট করে দেয় পুলিশ। অভিযান লাগাতার ভাবে চলতেই থাকবে জানা গেছে ভাটিবাড়ী ফাঁড়ির ওসি দীপায়ন সরকারের কাছ থেকে।



# তৃণমূল যুব নেতাকে গুলি করে খুনের ঘটনায় গ্রেপ্তার আরও দুই, উদ্ধার খুনে ব্যবহৃত বাইক



নিজস্ব সংবাদদাতা, এই যুগ, কোচবিহার,২৪ আগস্ট : কোচবিহারে তৃণমূল যুব নেতাকে গুলি করে খুনের ঘটনায় রবিবার আরও দুজনকে গ্রেপ্তার করলো কোচবিহার জেলা পুলিশ। রবিবার কোচবিহারের পুলিশ সুপার দ্যুতিমান ভট্টাচার্য সাংবাদিক সম্মেলন করে জানান চলতি মাসের নয় তারিখ কোচবিহারের ডোডেয়ারহাটে প্রকাশ্য দিনের বেলায় কয়েকজন দুষ্কৃতি গুলি চালিয়ে তৃণমূল যুব নেতা অমর রায়কে খুন করে ও একজনকে আহত করে গুলি ছুঁড়ে ঘটনাস্থল থেকে পালিয়ে যায়। ঘটনার তদন্তে নেমে পুলিশ চলতি মাসের সতেরো তারিখ অসম বাংলা সীমানা থেকে গ্রেপ্তার করে বিনয় রায় নামে এক অভিযুক্তকে তার থেকে উদ্ধার হয় একটি নাইন এম এম পিস্তল ও চার রাউন্ড গুলি। বিনয়কে আদালতে পেশ করে রিমান্ডে নেওয়া হয়। রিমান্ডে নিয়ে জিজ্ঞাসাবাদে পাওয়া তথ্যের ভিত্তিতে চলতি মাসের বাইশ তারিখ অরুনাচল প্রদেশের নাহারলাগন থেকে গ্রেপ্তার করা হয় নারায়ন বর্মন ও কিশোর বর্মন নামে দুই অভিযুক্তকে। তাদের আদালতে পেশ করে রিমান্ডে নিয়ে পুলিশ জেরা করে আরও দুই অভিযুক্তের খোঁজ পায়। রবিবার তাদের আলিপুরদুয়ার থানার অন্তর্গত তপসীখাতা থেকে গ্রেপ্তার করে পুলিশ। উদ্ধার করা হয় গুলি চালিয়ে খুন কান্ডে ব্যবহৃত মোটরসাইকেলটি। ধৃতদের নাম বাধন দাস ওরফে কানাই (২৯) ও মিঠুন রায় (৩৬)। তারা গুলি কান্ডে ব্যবহৃত মোটরসাইকেলটি নিয়ে এলাকায় ঘুরে বেড়াচ্ছিলো বলে জানান পুলিশ সুপার। তিনি আরও জানান এই গুলি চালিয়ে খুনের ঘটনায় অন্যান্য অভিযুক্তদের ও খুব শীঘ্রই গ্রেপ্তার করা হবে। অমর রায় খুনের ঘটনায় এখন পর্যন্ত মোট পাঁচজনকে গ্রেপ্তার করা হয়েছে।

# আলিপুরদুয়ারে কংগ্রেসের গোষ্ঠী কোন্দল, লাঠি নিয়ে দৌড়াদৌড়ি



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৪ আগস্ট : আলিপুরদুয়ার জেলা কংগ্রেসের গোষ্ঠী কোন্দল প্রকাশ্যে। রাস্তায় নেমে যথারীতি লাঠি সোটা দিয়ে মারামারিতে সামিল হলেন কংগ্রেসের দুই গোষ্ঠী। জেলা কংগ্রেস কার্যালয়ে কংগ্রেসের কর্মী সভা চলাকালীন এমন কান্ড। সম্প্রতি জেলা কংগ্রেসের সভাপতি করা হয়েছে মৃণ্ময় সরকারকে। আজ জেলা কংগ্রেস কার্যালয়ে নতুন সভাপতিকে সংবর্ধনা দেওয়া হয়। সেসময় কংগ্রেসের বিদায়ী সভাপতি শান্তনু দেবনাথের গোষ্ঠী তুমুল বিক্ষোভ শুরু করে। ঝাঁটা হাতে বিক্ষোভ দেখান মহিলা কংগ্রেস কর্মীরা। তাদের অভিযোগ সকলকে না জানিয়ে এই কর্মী সভা করছেন নতুন সভাপতি। সেই সময় দুই পক্ষ বাদ বিতন্ডায় জড়িয়ে পড়ে। শুরু হয় হাতাহাতি। অবশেষে লাঠি নিয়ে রাস্তায় নেমে দুই পক্ষের মধ্যে চলে খন্ড যুদ্ধ। আলিপুরদুয়ার কলেজ হল্টে দলীয় কার্যালয়ে একদিকে চলছে সংবর্ধনা সভা। অন্যদিকে কংগ্রেসের অপর গোষ্ঠী আলিপুরদুয়ার চৌপথি এলাকায় নয় দফার দাবির ভিত্তিতে আমরণ অনশনে বসেছেন। যদিও একে অপরকে দোষারোপ করছেন। তবে এদিন কংগ্রেসের দুই গোষ্ঠীর বিবাদ সহ দৌড় ঝাপ আমজনতা থেকে শুরু করে বিরোধীরা মজা লুটেছেন।






EI YUG | EDITOR - SUROJIT MALICK | OWNER - SUROJIT MALICK | PUBLISHED BY SUROJIT MALICK FROM BANKRA DAKSHIN PALLY,P.O-BANKRA,P.S-DOMJUR,DISTRICT-HOWRAH, PIN-711403,STATE-WEST BENGAL | PRINTED BY SUROJIT MALICK AT "EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE",BANKRA DAKSHIN PALLY,P.O-BANKRA,P.S-DOMJUR,DISTRICT-HOWRAH, STATE-WEST BENGAL,PIN-711403 | CONTACT NO- 9062867921 ,9836753661 | EMAIL- EIYUGNEWSPAPER@GMAIL.COM ,NEWSPAPEREIYUG@GMAIL.COM | RNI : WBBEN/2020/81746 |